মহেশপুর সীমান্ত দিয়ে ৪ জনকে পুশইন চেষ্টা, রুখে দিয়েছে বিজিবি

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে ৪ জনকে ভারত থেকে বাংলাদেশে পুশইন চেষ্টা রুখে দিয়েছে বিজিবি। শনিবার দুপুরে মহেশপুর ব্যাটেলিয়ন (৫৮ বিজিবির) অধীনস্থ কুসুমপুর বিওপির চাপাতলা মাজার এলাকায় এ ঘটনা ঘটে ।

মহেশপুর (৫৮) বিজিবির সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শনিবার দুপুর ১ টার দিকে সীমান্তে পিলার ৬১/১২ আর সংলগ্ন গেইট ব্যবহার করে ভারতের ১৯৪ বিএসএফ ব্যাটেলিয়নের মাহেন্দ্রা ক্যাম্প ৪ জন ব্যক্তিকে বাংলাদেশে পুশইন করার চেষ্টা চালায়।তাদের মধ্যে দুইজন পুরুষ ১ জন নারী ও ১ জন শিশু রয়েছে।

তবে বিএসএফের এই তৎপরতা সীমান্ত অতিক্রম করার আগেই বিজিবির কুসুমপুর বিজিবির নিয়মিত টহল দলের নজরে আসে। বিজিবি সদস্যদের তীব্র বাধা ও শক্ত অবস্থানের মুখে বিএসএফ তাদের বাংলাদেশে ঠেলে পাঠাতে ব্যর্থ হয়।

তবে পুশইনের ৪ ব্যক্তি বর্তমানে শূন্য রেখা থেকে ভারতের প্রায় ১৫০ গজ অভ্যন্তরের একটি কলাবাগানে অবস্থান করছেন। বিজিবির পক্ষ থেকে ঘটনার বিষয়ে প্রতিপক্ষ ১৯৪ বিএসএফ ব্যাটেলিয়নকে আনুষ্ঠানিকভাবে অবগত করা হয়েছে।

মহেশপুর ৫৮ বিজিবি অধিনায়ক লেঃ কর্নেল রফিকুল আলম বলেন, সীমান্তে অবৈধ অনুপ্রবেশ ও পুশইন ঠেকাতে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে দায়িত্ব পালন করে যাচ্ছে।

মামলা ভিন্নখাতে নেওয়া এবং আসামীদের সাথে বাদীর যোগসাজসের অভিযোগ

ঝিনাইদহে ব্যবসায়ী বরুন কুমার ঘোষ হত্যা মামলা ভিন্ন খাতে নেওয়ার চেষ্টা ও তার জমি বিক্রির পায়তারার প্রতিবাদে সংবাদ সম্মেলন হয়েছে।

শনিবার (১৫ আগষ্ট) দুপুরে শহরের একটি রেস্টুরেন্টে এই সংবাদ সম্মেলন করেন নিহতের ভাই অরুন কুমার ঘোষ।

সংবাদ সম্মেলনে তিনি মামলার বাদী বরুণের স্ত্রী টুম্পা রানী ঘোষের বিরুদ্ধে অভিযোগ করেন, তিনি বলেন, ২০২৪ সালের ৯ জানুয়ারি সন্ধ্যায় শহরের হামদহ ঘোষপাড়া মোড়ে তার ভাই বরুন ঘোষকে কুপিয়ে হত্যা করা হয়। হত্যা মামলার বাদি হয় নিহতের স্ত্রী টুম্পা রানী ঘোষ। বর্তমানে টুম্পা রানী ঘোষ আসামীদের সাথে যোগসাজস করে মামলা ভিন্ন খাতে নেওয়ার চেষ্টা করছে। এছাড়াও নিহতের জমি তার স্ত্রী আইনবর্হিভুত ভাবে বিক্রি করছে।

অরুন ঘোষ অভিযোগ করে বলেন, আমার ভাই হত্যার যেন সঠিক বিচার না পাই সেজন্য টুম্পা রানী ঘোষ নানান পায়তারা করছে।

আসামীদের সাথে যোগসাজস করছে। এমনকি আমার নামেও বদনাম ছড়াচ্ছে। এছাড়াও আমার ভাইয়ের জমি আইন বর্হিভুত ভাবে বিক্রি করে টাকা আত্মসাৎ করার চেষ্টা করছে। কয়েকটি জমি বায়না করে মোটা অংকের টাকা নিয়েছে।

সেসব জমির ক্রেতারা ইতিমধ্যে জমি দখল নিয়েছে গাছপালা কেটে নিচ্ছে, আমি নিষেধ করলে আমাকে জানে মেরে ফেলার হুমকী দিচ্ছে। মিথ্যা সংবাদ সম্মেলন করে আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। মামলায় নিয়মিত উপস্থিত না হয়ে মামলার মেরিট দুর্বল করা হচ্ছে। যা বিচারের অন্তরায় তৈরি হয়।

মামলার সঠিক বিচার ও নিহত বরুনের নাবালিকা মেয়ের ভবিষ্যতের কথা চিন্তা করে জমি যেন বিক্রি করতে না পারে সে ব্যাপারে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন অরুন ঘোষ। সংবাদ সম্মেলনে অরুন ঘোষের

স্ত্রী-সন্তানসহ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের বেগবতী নদী থেকে ট্রাক শ্রমিকের অর্ধগলিত মরদেহ উদ্ধার

ঝিনাইদহের বিষয়খালী বাজারের পাশে বেগবতী নদী থেকে রমজান আলী (নাম) এক ট্রাক হেলপারের লাশ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার দুপুরে নদী থেকে লাশটি উদ্ধার করা হয়। নিহত রমজান আলী ঝিনাইদহ সদর উপজেলার হরিপুর গ্রামের মৃত মোদাচ্ছের আলীর ছেলে।

পুলিশ ও স্বজনরা জানান, পেশায় ট্রাক হেলপার রমজান আলী গত চার দিন ধরে নিখোঁজ ছিলেন। দুই দিন আগে তাকে নিখোঁজ দেখিয়ে ঝিনাইদহ সদর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়।

শনিবার বেলা ১১টার দিকে বিষয়খালী বাজারের পাশে বেগবতী নদীতে একটি লাশ ভাসতে দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দুপুরে লাশটি উদ্ধার করে। পরে পরিবারের সদস্যরা লাশটি রমজান আলীর বলে শনাক্ত করেন।

ঝিনাইদহ সদর থানার উপপরিদর্শক (এসআই) টিপু সুলতান জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করা হয়। পরে তা ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। পরিবারের সদস্যরা লাশটি রমজান আলীর বলে নিশ্চিত করেছেন।

ঝিনাইদহে নাশকতা মামলায় আওয়ামী লীগের সাবেক এমপি সহ গ্রেফতার ৫

সাবেক সংসদ সদস্য ও ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নায়েব আলী জোয়ার্দারকে গ্রেফতার করেছে পুলিশ। নাশকতার পরিকল্পনা ও ছাত্রলীগের ঝটিকা মিছিলে পৃষ্ঠপোষকতা করার অভিযোগে তাকে গ্রেফতার করা হয়। এ ছাড়া ঝিনাইদহ শহর ও শৈলকুপা উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের আরও চারজনকে গ্রেফতার করা হয়েছে।

শনিবার ভোরে ঝিনাইদহ পৌর শহরের আরাপপুর ও শৈলকুপা উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন- সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সহ সভাপতি নায়েব আলী জোয়ার্দ্দার (৭২) ও শৈলকুপার দুধসর গ্রামের মৃত গোলাম কিবরিয়ার ছেলে বাদশা আলমগীর (৫৬), বালাপাড়া গ্রামের মৃত নূর আলী মণ্ডলের ছেলে মাজিবুল ইসলাম (৫৭), গোসাইডাঙ্গা গ্রামের মন্টু শেখের ছেলে আল নাহিয়ান সাকিব (১৯) এবং মহিষাখোলা গ্রামের মৃত কুবাদ আলীর ছেলে মো: হাসিবুল ইসলাম (২৫)।

পুলিশ সূত্রে জানা গেছে, ১৫ আগস্টকে সামনে রেখে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে ও যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে ঝিনাইদহ জেলা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির মোল্লা জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে ভারতে অবস্থানরত শেখ হাসিনার সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা, এলাকায় বিশৃঙ্খলা ও নাশকতা সৃষ্টির পাঁয়তারার অভিযোগ রয়েছে। এ ছাড়া সম্প্রতি সারুটিয়া ইউনিয়নে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের ঝটিকা মিছিলের পরিকল্পনা ও পৃষ্ঠপোষকতা করার অভিযোগ রয়েছে আটক ব্যক্তিদের বিরুদ্ধে।

ওসি হুমায়নু কবির মোল্লা বলেন, গ্রেফতার ৫ জনের বিরুদ্ধে শৈলকুপা থানায় সন্ত্রাস বিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে । মামলা নম্বর: ৫- ০৫/০৮/২০২৬)। শনিবার দুপুরে আসামীদের বিজ্ঞ

[illegible]

[illegible]

[illegible] ‘[illegible]’[illegible]

[illegible]

[illegible]

ঘুর্নিঝড়েরমতো বিপর্যয় থেকে বাঁচাতে প্রত্যেককে কম পক্ষে বছরে ২টি করে গাছের চারা রোপণ করতে হবে। তাহলে আপনিও লাভবান হবেন, দেশও বাঁচবে।

মহেশপুরে নেশার টাকা না পেয়ে মাকে গলা কেটে হত্যা, ঘাতক ছেলে আটক

ঝিনাইদহের মহেশপুরে নেশার টাকা না দেওয়ায় শখের বানু (৫০) নামের এক নারীকে গলা কেটে হত্যার অভিযোগ উঠেছে তার নিজের ছেলের বিরুদ্ধে। এ ঘটনায় অভিযুক্ত ছেলে এখলাছ হোসেনকে (৩০) আটক করে পুলিশে সোপর্দ করেছে এলাকাবাসী।

আজ শুক্রবার সকালে উপজেলার শ্যামকুড় গ্রামের পশ্চিমপাড়া থেকে পুলিশ নিহতের মরদেহ উদ্ধার করে। নিহত শখের বানু ওই গ্রামের জিকুর হোসেনের স্ত্রী।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, অভিযুক্ত এখলাছ হোসেন দীর্ঘদিন ধরে মাদকাসক্ত ছিলেন। নেশার টাকা সংগ্রহের জন্য তিনি প্রায়ই নিজের মায়ের ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালাতেন। গতকাল বৃহস্পতিবার রাতে নেশার টাকা চাওয়াকে কেন্দ্র করে মায়ের সঙ্গে তার বাকবিতন্ডা হয়। একপর্যায়ে ক্ষিপ্ত হয়ে ঘরে থাকা ধারালো অস্ত্র দিয়ে মায়ের গলা কেটে তাকে হত্যা করে এখলাছ।

ঘটনাটি জানাজানি হয় শুক্রবার সকালে। নিহতের ছোট ছেলের স্ত্রী শ্বাশুড়ির জন্য খাবার নিয়ে ঘরে প্রবেশ করে বিছানায় রক্তাক্ত মরদেহ দেখতে পান। পরে তার চিৎকারে আশপাশের লোকজন জড়ো হয় এবং পুলিশে খবর দেওয়া হয়।

খবর পেয়ে মহেশপুর থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে প্রেরণ করে। এদিকে স্থানীয় জনতা পালিয়ে যাওয়ার সময় গ্রামের পাশ

থেকে অভিযুক্ত এখলাছকে আটক করে পুলিশে সোপর্দ করে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মহেশপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী হাসান জানান, খবর পাওয়া মাত্রই পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং অভিযুক্ত ঘাতক ছেলেকে আটক করে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে এবং নিহতের মরদেহ ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

কুয়েটের মেধাবী শিক্ষার্থী ঝিনাইদহের আসিফ আকবরকে সংবর্ধনা

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) থেকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ফার্স্ট ক্লাস অর্জন করা ঝিনাইদহের কৃতি শিক্ষার্থী আসিফ আকবরকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

ঝিনাইদহ শহরের আহার রেস্টুরেন্টে শিশু কুঞ্জ স্কুল অ্যান্ড কলেজের এসএসসি-৯৩ ব্যাচের বন্ধুদের উদ্যোগে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আসিফ আকবর ঝিনাইদহ সদর উপজেলার বৈডাঙ্গা গ্রামের ব্যবসায়ী মফিজুল ইসলামের ছেলে। কুয়েটে তার এই কৃতিত্বে পরিবারের পাশাপাশি এলাকাবাসীর মধ্যেও আনন্দের সৃষ্টি হয়েছে।

সংবর্ধনা অনুষ্ঠানে বক্তারা বলেন, আসিফ আকবরের এ সাফল্য ঝিনাইদহের শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণার উৎস। তার এই অর্জন ভবিষ্যৎ প্রজন্মকে উচ্চশিক্ষা ও গবেষণায় আরও উৎসাহিত করবে বলে তারা আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, শাহজাহান আলী, আকুল উদ্দিন, আব্দুর রহমান, জাহিদুজ্জামান সেলিম, নাসির উদ্দিন, আনিছুর রহমান মিলনসহ এসএসসি-৯৩ ব্যাচের অন্যান্য সদস্যরা।

শেষে কৃতি শিক্ষার্থী আসিফ আকবরকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়। এ সময় উপস্থিত সবাই তার ভবিষ্যৎ জীবনের সফলতা কামনা করেন। আসিফ আকবর ঈঝঊ-২ক২০ ব্যাচে ফার্স্ট ক্লাস ও ব্যাচে ২য় স্থান অর্জন করেছে।

ঝিনাইদহে আধিপত্য বিস্তার নিয়ে দু’পক্ষের সংঘর্ষে ১০ জন আহত

ঝিনাইদহ সদর উপজেলায় সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে দু’পক্ষের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছে।

বৃহস্পতিবার (১৩ আগষ্ট) সকালে উপজেলার ফুরসন্দি ইউনিয়নের ধনঞ্জয়পুর গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে ওই গ্রামের জাহিদ বিশ্বাস ও শাহাবুর রহমানের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। এরই জের ধরে বৃহস্পতিবার সকালে ধনঞ্জয়পুর গ্রামের দুই পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

এতে আহত হয় অন্তত ১০ জন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতাল ও স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে।

ঝিনাইদহ সদর থানার ওসি আসাদউজ্জামান বলেন, কয়েকদিন যাবত এলাকায় উত্তেজনা চলছিলো। সকালে খবর পাওয়ার সাথে সাথেই সেখানে পুলিশ পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে নেওয়া হয়। এলাকায় এখন পরিস্থিত স্বাভাবিক রয়েছে।

ঝিনাইদহে এক ব্যবসায়ীকে জোরপূর্বক দলিলে স্বাক্ষর নেওয়ার অভিযোগ

ঝিনাইদহে দীর্ঘদিনের জমি-জমা সংক্রান্ত বিরোধের জেরে আব্দুর রাজ্জাক নামে এক ব্যবসায়ীকে জোরপূর্বক তুলে নিয়ে ভয়ভীতি দেখিয়ে জমির দলিলে স্বাক্ষর করিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে।

এ ঘটনায় তিনজনের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগীর ছেলে মো. শাহরিয়ার হোসেন।

অভিযুক্তরা হলেন শিকারপুর গ্রামের গফুর আলী মালিতার ছেলে মো. মতিয়ার মালিতা (৫০), বল্টু বিশ্বাসের ছেলে মো. মিল্টন বিশ্বাস
(৩১) এবং মো. পাদু মালিতা (৫০)। তারা ভুক্তভোগীর পাড়া- প্রতিবেশী বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

অভিযোগে বলা হয়, অভিযুক্তদের সঙ্গে শাহরিয়ারের বাবা মো. আব্দুর রাজ্জাকের দীর্ঘদিন ধরে জমি-জায়গা নিয়ে বিরোধ চলে আসছিল। গত ৭ আগস্ট সকাল আনুমানিক ১০টার দিকে তার বাবা ঝিনাইদহ শহরের হাটের রাস্তায় নিজ ব্যবসাপ্রতিষ্ঠানে অবস্থান করছিলেন।

এ সময় তাকে ফাঁকা স্ট্যাম্পে স্বাক্ষর করতে বলা হয় এবং স্বাক্ষর না করলে হত্যার হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ করেছেন শাহরিয়ার।

অভিযোগপত্রে আরও বলা হয়, পরে অভিযুক্তরা জোরপূর্বক তার বাবার কাছ থেকে স্ট্যাম্পে স্বাক্ষর নেন এবং বিষয়টি কাউকে জানালে পরিবারের সদস্যদের ক্ষতি করার হুমকি দেন।

এ ছাড়া গত ৯ আগস্ট সন্ধ্যা আনুমানিক সাড়ে ৭টার দিকে অভিযুক্তরা আবারও তার বাবাকে জোরপূর্বক মোটরসাইকেলে তুলে নিয়ে গিয়ে জমি রেজিস্ট্রি করে নেওয়ার চেষ্টা করে। পুলিশ সুপারের দ্বারস্থ হয়ে তাকে এ যাত্রায় উদ্ধার করা হয়। কিন্তু এখনও তারা হুমকি অব্যাহত রেখেছে বলে দাবি করেন শাহরিয়ার হোসেন।

শাহরিয়ার হোসেন বলেন, “কবলা দলিলমূলে আমরা এই জমির মালিক। কিন্তু প্রতিপক্ষরা জোরপূর্বক জমিটি দখল করতে চান। তারা অব্যাহতভাবে আমাদের হুমকি দিয়ে যাচ্ছে। এ নিয়ে আমরা চরম

নিরাপত্তাহীনতায় দিন পার করছি।”

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আসাদুজ্জামান বলেন, “একটি অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।”

ঝিনাইদহে আন্তর্জাতিক যুব দিবস উদযাপন

‘ভিন্ন প্রেক্ষাপট, অভিন্ন আকাক্সক্ষা’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক যুব দিবস উদযাপন করা হয়েছে।

জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের করা হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলা প্রশাসক নোমান হোসেন, পুলিশ সুপার মিয়া আশিস বিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, ঝিনাইদহ যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক বিলকিস আফরোজসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা, দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে তরুণদের অংশগ্রহণ আরও বাড়ানোর আহ্বান জানান। পাশাপাশি মাদক, সন্ত্রাস ও অপসংস্কৃতি থেকে দূরে থেকে শিক্ষা, প্রযুক্তি ও আত্মকর্মসংস্থানের মাধ্যমে নিজেদের প্রতিষ্ঠিত করতে যুবদের পরামর্শ দেন।